দৈনিক বাংলা

তারিখ ...19 NOV 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ৮ ...

10

## কুষ্টিয়া মেডিক্যাল ট্রেনিং স্কুল

দীর্ঘ ৭ বৎসর যাবৎ কুষ্টিয়া মেডিক্যাল সহকারী প্রশিক্ষণ বিদ্যালয় (ম্যাটস) বন্ধ আছে কিন্তু শিক্ষক কর্মচারিগণ ঠিকই বেতন পাচ্ছেন। ১৯৭৬ সাল থেকে ১৯৮৫ সাল পর্যন্ত নেদারল্যান্ড সরকারের আর্থিক সহযোগিতায় পর্যায়ক্রমে কুষ্টিয়া, ফরিদপুর, সিরাজগঞ্জ, মাগুরা, বাগেরহাট, নোয়াখালী, কুমিল্লা, পিরোজপুর, মৌলবীবাজার ও মুন্সিগঞ্জসহ আরো কয়েকটি এলাকায় ১৮টি ম্যাটস প্রতিষ্ঠিত হয়। ২ বৎসরের একাডেমিক কোর্স ও ১ বৎসরের ইন্টার্নী শীপ শেষে শিক্ষার্থীদের ডিপ্লোমা চিকিৎসক হওয়ার কথা। ২০০০ সালের মধ্যে সবার জন্য স্বাস্থ্য কর্মসূচী বাস্তবায়ন করতে হলে ডিপ্লোমা চিকিৎসক তৈরির অন্তরায় দূর করার উদ্যোগ নেয়া দরকার। এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ জিল্লুর রহমান
১১/এফ স্টাফ কোয়ার্টারস
গ্রীন রোড, ঢাকা-১২০৫।